

নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮/২৬৭৫(১১)

তারিখ: ২৬-০৮-২০২১ খ্রিঃ


বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল প্রতিষ্ঠান ব্যুরোর বস্ত্র বিভাগের সাথে ২০২১-২০২২ অর্থ বছর মেয়াদী নিবন্ধন সনদ নবায়নের জন্য ৩১ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত ইপিবিতে আবেদন করতে সক্ষম হবে না ঐ সকল প্রতিষ্ঠানকে আগামী ৩১ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন নবায়ন ফি ৩,০০০/- (তিন হাজার) টাকা ও বিলম্ব ফি ২,০০০/- (দুই হাজার) টাকাসহ সর্বমোট = ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-স্লিপসহ নিম্নবর্ণিত হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে :

- আবেদনকারীর সত্যায়িত দুই কপি ছবি;
- ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- ই আর সি সনদের নবায়িত কপি;
- সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- ফায়ার পলিসির নবায়িত কপি;
- গ্রুপ বীমার নবায়িত কপি;
- যে সকল প্রতিষ্ঠান অদ্যবধি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কারখানা ভবনের লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন এর কপি দাখিল করেননি (অঙ্গীকারনামার মাধ্যমে নিবন্ধিত) সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অনুমোদিত লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন দাখিল করতে হবে।

০২। উল্লেখ্য, ২০২১-২০২২ মেয়াদের জন্য নবায়নের আবেদন দাখিলের জন্য আগামী ৩১-১০-২০২১ তারিখ পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরোর সেবা বৃদ্ধি করা হলো। আগামী ৩১ অক্টোবর, ২০২১ তারিখের পরে নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে কোন প্রকার সেবা (জিএসপি, সিও, সাপটা, সাফটা ও আপটা) সনদ প্রদান করা হবে না।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম, নারায়নগঞ্জ, রাজশাহী, খুলনা, কুমিল্লা ও সিলেট কার্যালয় থেকে সেবা গ্রহণ করে থাকেন তাদের নিবন্ধন সনদ নবায়নের জন্য সরাসরি ব্যুরোর উপরোক্ত কার্যালয়ে আবেদন করতে হবে।

  
(মুরশিদুল হক)  
তথ্য কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আশ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. পরিচালক (তথ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮. উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯. উপ-পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সান্তার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্হ রোড, টানবাজার, নারায়নগঞ্জ।
১০. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী/খুলনা/কুমিল্লা/সিলেট।
১২. এ পি আরও টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. পি এ টু মহা-পরিচালক (বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. পি এ টু পরিচালক (বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের  
মধ্যে প্রচারের জন্য অনুরোধ  
করা হলো।